

স্মারক নং-২৭.১২.৮৯৮৮.৫৬৩.০১.০৩৬.২১. ৪২৫২

তারিখ : ২১/১০/২০২১ খ্রিস্টাব্দ।

বিষয়ঃ স্টীলের আসবাবপত্র সরবরাহের জন্য অনুরোধ জ্ঞাপন (RFQ) পদ্ধতিতে কোটেশন আহবান প্রসঙ্গে।

RFQ No-০৭/২১-২২

অত্র পবিসের জন্য স্টীলের আসবাবপত্র সরবরাহের নিমিত্তে কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (RFQ) পদ্ধতিতে বাংলাদেশী প্রকৃত সরবরাহকারী/প্রস্তুতকারী প্রতিষ্ঠান এর নিকট হতে নিম্নোক্ত বিবরণ ও শর্তাবলী মোতাবেক প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে কোটেশন আহবান করা যাচ্ছে।


ক্রমিক নং	মালামালের বিবরণ ও স্পেসিফিকেশন	পরিমাণ	একক দর	মোট দর
০১	স্টীলের আলমারী : সাইজ : (৬'-০" x ৩'-৩" x ১'-১০") (উচ্চতা x দৈর্ঘ্য x প্রস্থ) বাইরে ২০ গেজি এবং ভিতরে ২২ গেজি জিআই সীট দ্বারা তৈরী করতে হবে। ভিতরে মধ্যখানে দুই পাশে দুইটি ড্রয়ার হবে। ড্রয়ারের সাইজ ৫' x ১৪' x ১৮"। ভিতরে ৪টি তাক থাকবে। প্রথমে রেড অক্সাইড রং করে ০২ কোট এ্যাশ কালার দ্বারা স্প্রে পেইন্ট করতে হবে। উন্নতমানের বিদেশী লক স্থাপন করতে হবে। (নমুনা মোতাবেক)।	০৫টি		
০২	ফাইল কেবিনেট : সাইজ : (৪'-৬" x ১'-৬" x ২'-০") বাইরে ২০ গেজি এবং ভিতরে ২২ গেজি জিআই সীট দ্বারা তৈরী করতে হবে। ৪টি ড্রয়ার হবে। প্রতি ড্রয়ারে পৃথক পৃথক বিদেশী হ্যান্ডেল এবং কার্ড স্থাপনের জন্য বক্স দিতে হবে। বিদেশী লক স্থাপন করতে হবে। প্রতিটি প্রথমে রেড অক্সাইড রং করে ০২ কোট এ্যাশ কালার দ্বারা স্প্রে পেইন্ট করতে হবে। (নমুনা মোতাবেক)।	০৫টি		
০৩	লাইনম্যান টুলস বক্স : ৪ দরজা বিশিষ্ট। সাইজ : ৬'-০" x ২'-০" x ২'-৬" (প্রস্থ)। টুলস বক্সের মাঝামাঝি একটি তাক হবে। বাইরে ২০ গেজি এবং ভিতরে ২২ গেজি জিআই সীট দ্বারা তৈরী করতে হবে। প্রথম রেড অক্সাইড রং করে ০২ কোট বাইরে এ্যাশ কালার এবং ভিতরে অফ হোয়াইট রং দ্বারা স্প্রে পেইন্ট করতে হবে। উন্নতমানের বিদেশী লক স্থাপন করতে হবে। প্রতিটি লক এর ৩টি করে চাবি হবে। (নমুনা মোতাবেক)।	০৫টি		
০৪			মোট =	

কথায়ঃ

শর্তাবলীঃ


- ০১। কোটেশন আগামী ২৮/১০/২০২১ খ্রিঃ তারিখ বেলা ১১:০০ ঘটিকার মধ্যে (১) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ অথবা (২) শেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর, ভাতশালা, শেরপুর-এ রক্ষিত টেন্ডার বাঞ্ছ ফেলতে হবে।
- ০২। দাখিলকৃত দরপত্র সমূহ ঐ দিনই বেলা ১১:০৫ ঘটিকায় পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ এবং শেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর, ভাতশালা, শেরপুর দরদাতাদের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে।
- ০৩। দরপত্রের সাথে হালনাগাদ ট্রেড লাইসেন্স, ব্যাংক সলভেন্সী, আয়কর ক্লিয়ারেন্স সার্টিফিকেট ও ভ্যাট রেজিস্ট্রেশন সনদপত্রের সত্যায়িত ফটোকপি প্রদান করতে হবে।
- ০৪। সফল দরদাতা প্রতিষ্ঠানকে কার্যাদেশে উল্লিখিত সময়ের মধ্যে মালামাল নিজ খরচে সমিতির সদর দপ্তরে পৌছাতে হবে।
- ০৫। দরপত্রে উদ্ধৃত দর স্পষ্টাক্ষরে লিখতে হবে। কোন প্রকার কাটাকাটি/ওভার রাইটিং গ্রহনযোগ্য হবে না। "স্টীলের আসবাবপত্র সরবরাহের দরপত্র" কথাটি খামের উপরে স্পষ্ট অক্ষরে লিখতে হবে। ডাক/কুরিয়ার যোগে কোন দরপত্র গ্রহনযোগ্য হবে না।
- ০৬। কার্যাদেশে বর্ণিত মালামাল নির্ধারিত সময়ে সরবরাহে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য কার্যাদেশের মোট মূল্যের ১% এর ১/১০ অংশ হিসেবে জরিমানা আরোপযোগ্য হবে। এই ধরনের বিলম্ব মাশুল কার্যাদেশ মূল্যের ১০% (দশ শতাংশ) এর অতিরিক্ত হবে না। তবে নির্ধারিত সময়ের পরে মালামাল সমূহ সরবরাহের ক্ষেত্রে পবিস কর্তৃপক্ষের অনুমোদন প্রয়োজন হবে। এ ক্ষেত্রে বিলম্ব মাশুল আরোপ করা হবে।

- ০৭। সন্তোষজনকভাবে মালামাল সরবরাহের পর বিল উপস্থাপন সাপেক্ষে নিয়মানুযায়ী ভ্যাট/কর কর্তনের পর একাউন্ট পেয়ী চেক এর মাধ্যমে বিল পরিশোধ করা হবে। তবে মূল বিল হতে পারফরম্যান্স সিকিউরিটি হিসেবে ১০% অর্থ কর্তন করে রাখা হবে। যা মালামালের গুণগত মান অক্ষুণ্ণ থাকা সাপেক্ষে ০৬ (ছয়) মাস পর ফেরত প্রদান করা হবে।
- ০৮। দরপত্রের শর্তাবলীতে উল্লেখ নাই, এমন সকল বিষয়ে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গন্য হবে।
- ০৯। কোন প্রকার কারণ দর্শানো ছাড়াই যে কোন/ সকল দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সমিতি কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।


 (প্রকৌঃ মোঃ আলী হোসেন)
 জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ (বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডের মাধ্যমে বহল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের অনুরোধসহ)

- ০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কেঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা (বর্ণিত তারিখে আপনার দপ্তরে কোটেশন গ্রহনের ব্যবস্থা রাখার জন্য অনুরোধ করা হলো)।
- ০২। জেলা প্রশাসক/পুলিশ সুপার, শেরপুর।
- ০৩। মেয়র, শেরপুর পৌরসভা, শেরপুর।
- ০৪। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, শেরপুর।
- ০৫। নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ, শেরপুর।
- ০৬। নির্বাহী প্রকৌশলী, প্রকল্প বিভাগ, বাপবিবো, জামালপুর
- ০৭। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার.....পবিস, ১/২/৩/৪।
- ০৮। ডিজিএম(কারিগরী), শেরপুর পবিস।
- ০৯। সহকারী জেনারেল ম্যানেজার(ওএন্ডএম/ইএন্ডসি/এমএস/অর্থ) শেরপুর পবিস।
- ১০। এজিএম(ওএন্ডএম), নকলা/নালিতাবাড়ী/শ্রীবরদী, শেরপুর পবিস।
- ১১। মেসার্স-----।
- ১২। ওয়েব সাইট/নোটিশ বোর্ড, শেরপুর পবিস (জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি), শেরপুর পবিসের ওয়েব সাইটে প্রকাশের জন্য নির্দেশ প্রদান করা হলো)।
- ১৩। অফিস কপি/মাষ্টার কপি।


 (প্রকৌঃ মোঃ আলী হোসেন)
 জেনারেল ম্যানেজার